
UNSW AUSTRALIA

# কর্মক্ষেত্রে মহিলারা

Never Stand Still | Law | Kingsford Legal Centre

## লিং সঠিক বেতন পাচ্ছে না

লিং একটি রেস্তোরাঁয় একটি চাকরির জন্য আবেদন করেছিল এবং তাকে বলা হয়েছিল তাকে ৩ দিনের জন্য 'ট্রায়ালে' থাকতে হবে। এই ট্রায়ালের জন্য তাকে কোনো বেতন দেওয়া হয়নি। লিং ট্রায়ালের পর কাজ করেছিল এবং তার নিয়োগকর্তা তাকে বলেছিল সে ঘন্টায় ১২ ডলার করে পাবে। লিং তার বন্ধুদের সাথে কথা বলে জেনেছিল সে আরও বেশী পেত, কিন্তু আরও বেশী বেতনের কথা বললে তার চাকরি হারানোর ভয় ছিল।



### লিং কী করতে পারে?

একজন নিয়োগকর্তা একজন কর্মীকে 'ট্রায়াল' এর জন্য রাখতে পারে যাকে কখনো কখনো 'প্রবেশনারি পিরিয়ড' বলা হয়। এর ফলে একজন কর্মী কাজটি পছন্দ করছে কি না সে ব্যাপারে সিদ্ধান্ত নেওয়ার সুযোগ পায়। নিয়োগকর্তাও দেখতে পারে ঐ কর্মী কাজটি করতে পারবে কি না। প্রবেশনারি পিরিয়ডে আপনাকে সবসময়ই বেতন দিতে হবে। কাওকে দিয়ে কাজ করিয়ে তাকে বেতন না দেওয়া আইনের পরিপন্থী।

কর্মীদের কত বেতন দিতে হবে সে ব্যাপারে নিয়ম কানুন আছে। এটিকে বলা হয় 'ন্যুনতম পারিশ্রমিক' এবং আপনি কী ধরনের কাজ করছেন তার উপর এটি নির্ভর করে। উদাহরণস্বরূপ আপনি যদি কোনো রেস্তোরাঁয় কাজ করেন তাহলে আপনার ন্যুনতম পারিশ্রমিক হয়তো যিনি ক্লিনার হিসেবে কাজ করছেন তার থেকে ভিন্ন হবে।

আপনি যদি ছুটির দিনে, গভীর রাতে কিংবা সপ্তাহে ৩৮ ঘন্টার বেশী কাজ করেন তাহলে ন্যুনতম পারিশ্রমিকের উপর আপনার বাড়তি বেতন পাওয়ার অধিকার থাকতে পারে। সাধারণত এটিকে বলা হয় 'পেনাল্টি রেইট'। আপনি যে ধরনের কাজ করছেন তা যে নিয়মের আওতায় পড়ে তার উপর নির্ভর করবে আপনি কত টাকা বাড়তি পাবেন।

লিং এর ক্ষেত্রে ঘন্টায় ১২ ডলার হলো ন্যুনতম পারিশ্রমিকের নীচে।

আপনি যদি মনে করেন আপনি সঠিক বেতন পাচ্ছেন না, তাহলে আপনি ১৩ ১৩ ৯৪ নম্বরে **ফেয়ার ওয়ার্ক অমবাডসম্যান** এর সাথে যোগাযোগ করতে পারেন।

যে তারিখে আপনাকে এই বেতনগুলো দেওয়ার কথা ছিল সেই তারিখ থেকে

**৬ বছরের** মধ্যে আপনাকে আদালতে এই অর্থ দাবি করতে হবে।

### এই সংস্থাগুলো থেকে আপনি বিনামূল্যে আইনি সহায়তা পেতে পারেন:

কিংসফোর্ড লিগ্যাল সেন্টার – ৯৩৮৫ ৯৫৬৬ অথবা ১৩০০ ৭২২ ৭৯৫ নম্বরে যোগাযোগ করুন

লিগ্যাল এইড নিউ সাউথ ওয়েলস – www.legalaid.nsw.gov.au অথবা Law Access এর সাথে যোগাযোগ করুন

ল অ্যাকসেস – ১৩০০ ৮৮৮ ৫২৯ অথবা আপনার শ্রবণ/কথা বলায় সমস্যা থাকলে ১৩০০ ৮৮৯ ৫২৯ নম্বরে যোগাযোগ করুন

KLC Kingsford legal centre

ASIAN WOMEN AT WORK INC